**আমি বড্ড**

আমি বড্ড বুঝদার... কেউ আমাকে বোঝার চেষ্টা না করলে, আমি তাকে বোঝার বৃথা চেষ্টা করি না কখনোই;

আমি বড্ড সাদামাটা... কেউ আমাকে ওয়েস্টার্ন পোশাকে দেখতে চেয়ে স্মার্ট আখ্যায়িত করার ইচ্ছাপোষণ করলে, আমি নব্বই দশকের বেশভূষা স্বাচ্ছন্দ্যবোধ করি তাকে বুঝিয়ে দেই;

আমি বড্ড নিঃস্বার্থ... কেউ আমার বিপদে এক পা এগিয়ে না আসলেও, আমি তার বিপদে নিজের সবটা দিয়ে পাশে দাঁড়াই, চেনা-জানা মানুষগুলোর সুখের জন্য নিজের সব সুখ বিসর্জন দিয়ে দেই;

আমি বড্ড ইমোশনাল... কেউ আমার জন্য কিছু করুক আর না করুক, আমি দু-হাত ভরে সকলের জন্য করে দু'হাত ভরেই শূন্যতা কুড়াই, নিঃস্বার্থ ভাবে ভালোবেসে শুধুই বেদনা বাড়াই;

আমি বড্ড নিখুঁত! কেউ আমার চোখে চোখ রাখতে পারুক আর না পারুক, আমি সর্বদা সবার চোখে চোখ রাখার পাশাপাশি দিন শেষে আয়নার সামনে দাঁড়িয়ে নিজের চোখে চোখ রেখে অদ্ভুত শান্তি পাই।

Published on: Jan, 10 2023 10:27